DEC. 09 2001

দৈনিক ইনকিলাব

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

ঈদের পরে ভর্তি প্রক্রিয়া

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স কোর্সের মেয়াদ এবার থেকে ৪ বছর হচ্ছে

**স্টাফ রিপোর্টার ঃ** আগামী ঈদুল ফিতরের পর জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে সারাদেশের কলেজগুলোতে ২০০১-২০০২ সেশনের অনার্স ১ম বর্ষ ও ডিগ্রী পাস কোর্সে ভর্তি প্রক্রিয়া শুরু হবে। ঈদের পর এ ব্যাপারে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশিত হবে। এবারের নতুন শিক্ষাবর্ষ থেকে ৪ বছর মেয়াদী অনার্স কোর্স চালু হচ্ছে বলে জানা গেছে। অপরদিকে ডিগ্রী পাস কোর্সের মেয়াদ ৩ বছর করার নীতিগত সিদ্ধান্ত থাকলেও চলতি শিক্ষাবর্ষ থেকে তা কার্যকরী করার সম্ভাবনা নেই। তবে ডিগ্রী পাস কোর্সের এই নতুন শিক্ষার্থীদের মাস্টার্স প্রিলিমিনারী ও মাস্টার্স ফাইনাল কোর্স ক'বছরের হবে তা এখনও সিদ্ধান্ত হয়নি। ডিগ্রী পাস কোর্সের মেয়াদ এখনি ৩ বছর করার সিদ্ধান্ত কার্যকরী না হলে এদের মাস্টার্স প্রিলিমিনারী ১ বছরের স্থলে ২ বছর করার ব্যাপারে আলোচনা চলছে। আর মাস্টার্স ফাইনাল আগের মতই ১ বছর বহাল থাকবে। তাছাড়া ৪ বছর মেয়াদী অনার্স পাস করা ছাত্রছাত্রীদের মাস্টার্স কোর্সের মেয়াদও যথারীতি ১ বছর অক্ষুণ্ন থাকবে। ডিগ্রী পাস কোর্সের মেয়াদ ৩ বছর কার্যকরী হলে তখন সংশ্লিষ্টদের মাস্টার্স প্রিলিমিনারী ১ বছর ও মাস্টার্স শেষ পর্বের মেয়াদ ১ বছর চালু থাকবে।